গাংনীতে পিএসকেএসের উদ্যোগে মৎস্য উপকরণ বিতরন

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় জি-৩ রুই মাছ চাষ ও আধা-নিবিড় পদ্ধতিতে কার্প ফ্যাটেনিং প্রদর্শনীর জন্য মৎস্য উপকরণ বিতরন করা হয়েছে। বুধবার বেলা ১১ টার সময় সংস্থার খামারবাড়ি প্রশিক্ষণ কেন্দ্রে উপকরণ বিতরনের আয়োজন করে পিএসকেএস।

তেরাইল, জুগিরগোফা, বানিয়াপুকুর, কাষ্টাদহসহ অন্যান্য গ্রামের ২৫ জন উপকারভোগীর মাঝে জি-৩ রুই ও কার্প জাতীয় মাছের পোনাসহ মাছ চাষ সহায়ক ঝাঁকি জাল, রাসায়নিক সার, জিও লাইট, সবজি বীজ, পেঁপে, বেগুণ, ঝালের চারা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়।

এ সময় যুব উন্নয়ন অধিদপ্তরের মৎস্য প্রশিক্ষক মোঃ মতিউর রহমান ও সংস্থার কর্মকর্তাসহ চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। উপকারভোগীদের উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষের পাশাপাশি পুকুর পাড়ের অনাবাদি জমিতে সবজি চাষের বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।